

ঢাকার ধানমন্ডি গণস্বাস্থ্য নগর হাসপাতালের মেজর হায়দার মিলনায়তনে রবিবার সকালে ৪৬তম সভা অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন ট্রাস্টি বোর্ড সভাপতি অধ্যাপক ড. সিরাজ হোসেন। বোর্ডের ৪৫তম সভার কার্যবিবরণীর ওপর আলোচনা ও অনুমোদন, ১২তম সিল্ডিকেট ২০২০-২০২১ অর্থবছরের অডিট অনুমোদনসহ বিশ্ববিদ্যালয়ের কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে সভা শেষ হয়। অধ্যাপক হোসেনে আরা শাহেদ, অধ্যাপক আলতাফুন্নেসা, অধ্যাপক ডাঃ আবুল কাসেম চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, ট্রেজারার অধ্যাপক মোঃ জাহাঙ্গীর আলম ছিলেন।